গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা ১০০০

**হাইড্রোকার্বন ইউনিট এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১.৩ নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরনী**

| | |
|---|---|
| সভাপতি | মো: শামীম খান<br>মহাপরিচালক (যুগ্মসচিব) |
| সভার তারিখ | ১২.০২.২০২৪ |
| সভার সময় | বেলা-০২.০০ ঘটিকা |
| স্থান | কনফারেন্স রুম হাইড্রোকার্বন ইউনিট |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি হাইড্রোকার্বন ইউনিট এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১.৩ নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ৩য় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান।

২.১ সভাপতির অনুমতিক্রমে হাইড্রোকার্বন ইউনিটের সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) দেবব্রত দাস সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভাপতি বলেন হাইড্রোকার্বন ইউনিট মূলত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের টেকনিক্যাল উইং হিসেবে কাজ করে থাকে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানগুলো আমাদের স্টেকহোল্ডার। পরস্পরের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ার প্ল্যাটফরম তৈরি করে স্টেকহোল্ডার মিটিং। তিনি টেকনিক্যালী হাইড্রোকার্বন ইউনিটের কার্য পরিধি বাড়ানো, অংশীজনদের সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারণ এবং সুপারিশ প্রণয়নের বিষয়ে সবাইকে সম্পৃক্ত হওয়ার আহবান জানান। তিনি বলেন শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ নং সূচকে"সুশাসন প্রতিষ্ঠার জন্য অংশীজনের অংশগ্রহণে সভা"র একটি লক্ষ্যমাত্রা দেয়া আছে। উক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটের এই ষ্টেকহোল্ডার মিটিং এর আয়োজন করা হয়েছে। অতঃপর তিনি ষ্টেকহোল্ডারগণের নিকট থেকে মতামত আহবান করেন।

২.২ বাখরাবাদ গ্যাস কোম্পানি লিমিটেড এর প্রতিনিধি হাইড্রোকার্বন ইউনিটের কার্যক্রমের প্রতি সন্তোষ প্রকাশ করেন। তিনি হাইড্রোকার্বন ইউনিট অফিসের সামগ্রিক কার্যক্রম সম্পর্কে প্রচার প্রচারণার বিষয়টি নিয়ে আলোকপাত করলে মহাপরিচালক জানান দেশের সকল মোবাইল গ্রাহককে হাইড্রোকার্বন ইউনিটের তরফ বিটিআরসির মাধ্যমে জ্বালানি সাশ্রয় সংক্রান্ত  এসএমএস প্রেরণ করা হয়।

২.৩ বড়পুকুরিয়া কোল মাইনিং এর প্রতিনিধি তথ্য বিনিময়ে সহযোগিতার ক্ষেত্র আরো সম্প্রসারিত হওয়ার বিষয়ে মত প্রকাশ করেন।

২.৪ জালালাবাদ ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর প্রতিনিধি শুদ্ধাচার কার্যক্রমের অংশ হিসেবে নথি বিনষ্ট করার প্রক্রিয়া সম্পর্কে জানতে চাইলে ফোকাল পয়েন্ট জানান সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী 'ঘ'শ্রেণির তালিকাভুক্ত নথি নির্বাচনপূর্বক বিনষ্ট করার কার্যক্রম হাতে নেয়া হয়েছে।

২.৫ দৈনিক কালবেলা এর সাংবাদিক জিশান আহমেদ হাইড্রোকার্বন ইউনিটের শুদ্ধাচার কার্যক্রম আরো জনসম্পৃক্তকরণ করার বিষয়ে মতামত প্রদান করেন।

৩.০ সভায় সকলের অংশগ্রহণের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১. সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী 'ঘ'শ্রেণির তালিকাভুক্ত নথি নির্বাচনপূর্বক বিনষ্ট কতে হবে।

৪.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

২৩/০২/২০২৪
মো: শামীম খান
মহাপরিচালক (যুগ্মসচিব)
৮৩৯১০৭৫
hcu@hcu.org.bd

**নম্বর:** ২৮.০৬.০০০০.০০০.৫৪.০০১.১৮ তারিখ:

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৪। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৫। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৬। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর;

৭। ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স);
৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
৯। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল);
১০। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
১১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড;
১২। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড;
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড;
১৬। ম্যানেজিং ডাইরেক্টর, ম্যানেজিং ডাইরেক্টরের দপ্তর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড;
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড;
১৮। নির্বাহী পরিচালক, চ্যানেল আই এবং
১৯। অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট।।

২৩/০২/২০২৪

মো: শামীম খান
মহাপরিচালক (যুগ্মসচিব)